



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
সদস্য (পরিচালনা ও পরিকল্পনা) এর দপ্তর
এরোড্রাইভস এন্ড ফ্লাইটিলেশন শাখা



নং-৩০.৩১.০০০০.১৪৫.৮৮.০০১.২৩/ ৩০২

তারিখ: ২৬ / ০৮ / ২০২৪ খ্রিঃ।

“বিজ্ঞপ্তি”

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হ্যারত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের রণ্ধানী কার্গোর সমূখ্য এপ্রোনে দীর্ঘদিন যাবৎ ১২(বার)টি উড়োজাহাজ ও আনুষঙ্গিক মালামাল অব্যবহৃত/পরিত্যক্ত অবস্থায় পড়ে রয়েছে। উক্ত উড়োজাহাজগুলো অপসারণ করার ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্রের মাধ্যমে একাধিকবার অনুরোধ করা সঙ্গেও উক্ত প্রতিষ্ঠানের পক্ষ থেকে উড়োজাহাজগুলো অপসারণ করার বিষয়ে অদ্যাবধি কোনরূপ কার্যক্রম গ্রহণ না করার ফলে রণ্ধানি কার্গো এলাকায় নিয়মিত/অনিয়মিত ফ্লাইটের পার্কিং, উড়োজাহাজে মালামাল বোর্কাই ও যানবাহন চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে। এমনকি পার্কিং এর জায়গা সংকুলান না হওয়ার কারণে নতুন/অনিয়মিত কার্গো ফ্লাইটের অনুমোদন প্রদান, বিমানবন্দরের অপারেশনাল কার্যক্রমসহ সার্বিক এভিয়েশন কর্মকাণ্ড এবং দেশের রণ্ধানি উন্নয়ন কার্যক্রম ব্যাহত হচ্ছে। এছাড়াও, বিমানবন্দর সংশ্লিষ্ট সুযোগ সুবিধার সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা সম্ভবপর হচ্ছে না। এক্ষেত্রে শুধু এভিয়েশন কার্যক্রমই নয় বরং বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ তথা বাংলাদেশ সরকার কার্গো ফ্লাইট এবং সংশ্লিষ্ট সকল সংস্থার রাজস্ব হতে দীর্ঘদিন যাবৎ বাস্তিত হচ্ছে।

২.০ উক্ত উড়োজাহাজসমূহের Certificate of Airworthiness এর মেয়াদ বিভিন্ন সময়ে শেষ হওয়ার প্রেক্ষিতে কর্তৃপক্ষ Civil Aviation Rules, 1984 এর বিধি-৩৩০ এর উপবিধি-৪ মোতাবেক অপারেটর অথবা মালিক কর্তৃক সংশ্লিষ্ট উড়োজাহাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সরানো হয়নি বিধায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের চেয়ারম্যান উড়োজাহাজসমূহ নিলাম করত পারেন। সে মোতাবেক সংশ্লিষ্ট বিধি-বিধান প্রতিপালন সাপেক্ষে নির্মোক্ত উড়োজাহাজসমূহ De-registration করা হয়। Civil Aviation Rules, 1984 এর বিধি-৩৩০ বিধির উপবিধি-২ মোতাবেক উল্লিখিত এয়ারলাইনসমূহ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের বক্যেয়া পরিশোধে ব্যর্থ হয় এবং উল্লিখিত এয়ারলাইনসমূহ/অপারেটর বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে নবায়ন করতে ব্যর্থ হয়।

৩.০ বর্তমানে উল্লিখিত উড়োজাহাজসহ আনুষঙ্গিক গ্রাউন্ড সার্পেট ইকুইপমেন্টস পার্কিং এরিয়াতে পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে যা আনুমানিক ১,৯২,১০০ (এক লক্ষ বিশালকৃত হাজার একশত) ক্ষয়ার ফুট জায়গা দখল করে রয়েছে। উক্ত জায়গা হতে পরিত্যক্ত উড়োজাহাজসমূহ অপসারণ করা হলে আনুমানিক ১২(বার) টি Bay পার্কিং প্রস্তুত করা যাবে। পার্কিং Bay গুলো ব্যবহার করতে না পারার দরুন দৈনিক বিপুল পরিমাণ বৈদেশিক আয় ও রাজস্ব হতে দীর্ঘদিন যাবৎ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ বাস্তিত হয়ে আসছেন।

৪.০ অব্যবহৃত/পরিত্যক্ত উড়োজাহাজগুলো অপসারণের জন্য সংশ্লিষ্ট এয়ারলাইনসগুলোকে পত্র প্রেরণ করা হয়েছে এবং গত ২৭/০৮/২০২৪ তারিখে সংশ্লিষ্ট এয়ারলাইনসমূহ, মর্টগেজকৃত ব্যাংক শাখা ও বাংলাদেশ ব্যাংক ব্যাবার বাজেয়াপ্তকরণের কারণ উল্লেখ্যপূর্বক পত্র প্রেরণ করা হয়েছে। Civil Aviation Rules, 1984 এর ৩৩০ বিধির উপবিধি-৩ মোতাবেক চূড়ান্ত নোটিশ প্রাপ্তির ৩০ দিনের মধ্যে সংশ্লিষ্ট এয়ারলাইন্স/অপারেটর আবশ্যিকভাবে শর্তাদি প্রতিপালনপূর্বক উড়োজাহাজসমূহ অপসারণ করে লিখিতভাবে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষকে অবহিত করতে ব্যর্থ হয়।

৫.০ সংশ্লিষ্ট এয়ারলাইন্স/অপারেটর বিমান চলাচল কর্তৃপক্ষের Civil Aviation Rules, 1984 এর বিধি-৩৩০ উপবিধি-৩ এর শর্তাদি লজ্জন করায় Civil Aviation Act, 2017 এর ধারা-১৩ এবং Civil Aviation Rules, 1984 এর বিধি-৩৩০(৪) অনুযায়ী হ্যারত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের এপ্রোনে অবস্থিত United Airways Ltd এর MD-83 ০৪(চার)টি, A310-325 ০১(এক)টি, ATR 72-202 ০১(এক)টি, ATR 72-212 ০১(এক)টি, Dash-8 ০১(এক)টি, Regent Airways Ltd এর Dash-8 ০২(দুই)টি, Angel Airways Ltd এর AN-12 ০১(এক)টি, GMG Airlines Ltd এর MD-82 ০১(এক)টি উড়োজাহাজসহ মোট ১২ (বার) টি উড়োজাহাজ ও আনুষঙ্গিক মালামাল বাজেয়াপ্ত করা হলো।

আদেশক্রমে

U. J. -
চেয়ারম্যান

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ